



ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (বিষয় মনোনয়ন প্রাপ্তদের)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

তারিখ: ৩০/০১/২০১৯

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে যে সকল ছাত্রছাত্রী মেধাক্রম অনুযায়ী ৮ম পর্যায়ে বিষয় মনোনয়ন পেয়েছেন তাদেরকে সংশ্লিষ্ট অনুষদ কার্যালয়ে উপস্থিত হয়ে আগামী ৩১/০১/২০১৯ তারিখ হতে ০৩/০২/২০১৯ তারিখের মধ্যে শিক্ষা সহায়ক ফি ৩০০০/- টাকা ও অনুষদ উন্নয়ন ফি ৫০০/- টাকাসহ মোট ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা জমা দেয়ার জন্য বলা হলো এবং একটি ১০"/১৪" খামের উপর ভর্তি পরীক্ষার রোল, প্রাপ্ত নম্বর, মেধাক্রম, ভর্তি ইচ্ছুক (মনোনয়ন প্রাপ্ত) বিষয়ের নাম ও মোবাইল নম্বর লিখে উক্ত খামসহ নিম্নোক্ত কাগজপত্রসমূহ জমা দেয়ার জন্য বলা হলো:-

১. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ -“বিভাগ/বিষয় পছন্দক্রম তালিকা ফরম”- ০১ (এক) কপি।
২. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ -“ভর্তি পরীক্ষার প্রবেশপত্র”- ০১ (এক) কপি।
৩. HSC রেজিস্ট্রেশন কার্ড : মূল কপি (লেমেনিটিং ছাড়া)।
৪. HSC মার্কসীট ও প্রশংসাপত্র : মূল কপি(লেমেনিটিং ছাড়া)।
৫. SSC রেজিস্ট্রেশন কার্ড : মূল কপি(লেমেনিটিং ছাড়া)।
৬. SSC মার্কসীট : মূল কপি (লেমেনিটিং ছাড়া)।
৭. সত্যায়িত ছবি : ০৬ কপি (পাসপোর্ট সাইজ)।

*** ৫ম থেকে ৮ম পর্যায়ে নির্বাচিত সকল ছাত্র-ছাত্রীর অনলাইনে SIF পূরণ ও অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় ভর্তি ফি জমা দেয়া এবং ২০ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে চূড়ান্তভাবে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থীর ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্যায়ে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের মাধ্যমে বিষয়/বিভাগ পরিবর্তন হয়েছে সে সকল শিক্ষার্থীর স্ব স্ব বিভাগে ভর্তির সময় অতিরিক্ত ভর্তি ফিস (প্রযোজ্য ক্ষেত্রে) অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় জমা দানের সময়সীমা (সকল ইউনিট/উপ-ইউনিট) ০৪ ফেব্রুয়ারী থেকে ০৬ ফেব্রুয়ারী ২০১৯ নির্ধারণ করা হলো।

যে কোন বিস্তারিত তথ্য চ.বি. ওয়েবসাইটে (<http://admission.cu.ac.bd> , <http://cu.ac.bd/> এবং <https://www.facebook.com/ictcu/>) পাওয়া যাবে।



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

তারিখঃ ২৯.০১.২০১৯

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফিস/অতিরিক্ত ভর্তি ফিস (প্রযোজ্য ক্ষেত্রে) ও SIF পূরণ এবং আইডি বিষয়ে করণীয় সংক্রান্ত বিজ্ঞপ্তি :

এতদ্বারা ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত/নির্বাচিত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে

১. ৫ম থেকে ৮ম পর্যায়ে নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীর অনলাইনে SIF পূরণ ও অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় ভর্তি ফিস জমা সংক্রান্ত কার্যক্রম আগামী ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ থেকে ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ এর মধ্যে সম্পন্ন করতে হবে।
২. ২০ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে চূড়ান্তভাবে ভর্তিকৃত যে সকল ছাত্র-ছাত্রীর ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্যায়ে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে বিষয়/বিভাগ পরিবর্তন হয়েছে বা হবে তাদেরকে নতুন মনোনয়নপ্রাপ্ত বিভাগ/ইনস্টিটিউটে যোগাযোগপূর্বক বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এ সকল শিক্ষার্থীদের (মাইগ্রেশনের মাধ্যমে বিষয়/বিভাগ পরিবর্তনকৃত) অনলাইনে SIF পূরণ এবং অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় অতিরিক্ত ভর্তি ফিস (প্রযোজ্য ক্ষেত্রে) জমা সংক্রান্ত কার্যক্রম আগামী ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ থেকে ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

৩. সকল কোটায় ৩য় বা তৎপরবর্তী পর্যায়ে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের অনলাইনে SIF পূরণ ও অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় ভর্তি ফিস জমা সংক্রান্ত কার্যক্রম আগামী ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ থেকে ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ এর মধ্যে সম্পন্ন করতে হবে।
৪. ২০ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে কোটায় চূড়ান্তভাবে ভর্তিকৃত যে সকল ছাত্র-ছাত্রীর ৩য় বা তৎপরবর্তী পর্যায়ে মাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে বিষয়/বিভাগ পরিবর্তন হয়েছে বা হবে তাদেরকে নতুন মনোনয়নপ্রাপ্ত বিভাগ/ইনস্টিটিউটে যোগাযোগপূর্বক বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ সকল শিক্ষার্থীদের (মাইগ্রেশনের মাধ্যমে বিষয়/বিভাগ পরিবর্তনকৃত) অনলাইনে SIF পূরণ এবং অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় অতিরিক্ত ভর্তি ফিস (প্রযোজ্য ক্ষেত্রে) জমা সংক্রান্ত কার্যক্রম আগামী ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ থেকে ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, সকল ক্ষেত্রে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের আইডি আইসিটি সেল, চ.বি. সরবরাহ করবে।

উক্ত সময়সীমার মধ্যে ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র/ছাত্রী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে তাদের ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

এ সম্পর্কিত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (<http://www.admission.cu.ac.bd>) পাওয়া যাবে এবং প্রয়োজনে হেল্প ডেস্কে যোগাযোগ করা যাবে।

আদেশক্রমে-

(এস. এম. আকবর হোছাইন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)

রেজিস্ট্রার দপ্তর

ও সচিব, ভর্তি কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।